

ওডারল্যান্ড বীর প্রতীক-এর জীবন্দশায় শেষ জন্মদিনে লেখা কাইটম পারভেজের কবিতা

বিলহেলমাস ওডারল্যান্ড বীর প্রতীক

কাইটম পারভেজ

ওয়েকআপ ডার্লিং
দ্য ওয়ার হ্যাজ্ঞ্ট ফিনিশ্ড ইয়েট ।

আজো কি তুমি শুনতে পাও
শ্যাপাশে প্রিয়তমা জীবন সঙ্গীনির
সেই একই ভাবে একই প্রত্যয়ে সহসা উচ্চারণ?

প্রথম মহাযুদ্ধের আশীর্বাদ, দ্বিতীয়বারের বীর সেনানী
ক্রোধে আক্রোশে গর্জে উঠলে
টঙ্গী-র বাটা সু কোম্পানী
তোমার কর্মসূলে ।
সেই সুমহান একান্তরে, সেই আমার বাংলায়
তুমি ধৰ্মসন্ত্ত্বের আড়ালে, গলিত শবের পার্শ্বে
সামরিক ছাউনী, শেরাটন পূর্বানী, রাজপথ মেঠোপথ
বাংকার, ট্যাঙ্ক আর 'বিচ্ছু'-দের ট্রিগারে ।
কি অসম্ভব সাহসী অপ্রতিরোধ্য স্পর্দ্ধা
সাংবাদিক কখনো, কখনো আলোকচিত্রী, কখনো গেরিলা ট্রেইনার
নয়তো ঝোপের আড়ালে 'অজি' মুক্তিযোদ্ধা আমার ।
কি তয়ানক সেই দিন - সেই তুমি ।
স্যালুট বিলহেলমাস ওডারল্যান্ড বীর প্রতীক
সালাম - লহ সালাম ।

যেখানেই নিপীড়িত মানুষের মুক্তির আর্তনাদ
ভৌগোলিক সীমানার কাঁটাতার ডিঙিয়ে
হল্যান্ড ইয়োরোপ বাংলাদেশ-এ, তোমার সুতীব্র প্রতিবাদ ।

ওয়েকআপ ডার্লিং
দ্য ওয়ার হ্যাজ্ঞ্ট ফিনিশ্ড ইয়েট ।

আজো কি তুমি শুনতে পাও
শ্যামাশে প্রিয়তমা জীবন সঙ্গীনির
সেই একই ভাবে একই প্রত্যয়ে সহসা উচ্চারণ?
এশিয়া আফ্রিকা মধ্যপ্রাচ্য এখন
সর্বত্রই মুক্তিযুদ্ধের বিষ্ণু ।

এইতো সেদিন ছয় ডিসেম্বর তুমি তিরাশি হলে
ঞ্চোকে নিষ্ঠেজ তুমি, পার্থ-এর সেই হাসপাতালে
নীরব জন্মদিনটি কেমন পার করে দিলে ।

তুমি কি জানো - হে 'অজি' ওডারল্যান্ড বীর প্রতীক
তোমার সেই বাংলাদেশ থেকে এক বাটকা শুভেচ্ছার বাতাস
হ্রদ্বি খেয়েছিলো তোমার ক্ষত-বিক্ষত বুকটিতে ।
তোমার জন্মদিনটিতে ।

তোমার সেই বাটা কোম্পানীর 'বিছু' ছেলেরা
যারা তোমার সাথে যুদ্ধ করেছিলো এক আর দুই নম্বর সেক্টরে
তারা এই বিজয়ের দিনে তোমায় স্যালুট করবে - তুমি কি জানো?

ওয়েকআপ ডার্লিং হিরো
দ্য ওয়ার হ্যাজ্ঞ্ট ফিনিশ্যুড ইয়েট ।

তুমি কি জানো, 'জাতীয় পতাকা খামছে ধরেছে সেই পুরোনো শকুন'?
তুমি কি জানো, জাতীয় সঙ্গীতের কষ্টরোধে ধাবমান পৈশাচিক হাত এখন --?
তুমি কি জানো, ইরফান রাজাদের অশনি সংকেতে শংকিত বাংলাদেশ?
তুমি কি জানো বঙ্গ, পাকি-প্রেতাভারা ঘড়যন্ত্রের ট্রাফিক পুলিশ অবশেষ?
তুমি কি জানো, হে বীর প্রতীক - দাঁড়িয়ে ঠায়
তোমার বাটা-র 'বিছু'রা এখনো
তোমার কমাত্তের প্রতীক্ষায়!